

আমার নিয়োগকর্তাকে কি কাজের স্থানে পানীয়জলের ব্যবস্থা করতে হবে?

(Does my employer have to provide drinking water at work?)

এই শর্তের বিষয়টি The Workplace Health, Safety and Welfare Regulations 1992 দ্বারা নিয়ন্ত্রিত।

রেগুলেশন ২২ নিয়োগকর্তা কর্তৃক পানীয় জলের ব্যবস্থা করার বিষয়ে পালনীয় শর্তের উল্লেখ করেছে। এতে বলা হয়েছেঃ

১. কর্মস্থলে সকলের জন্য যথেষ্ট পরিমাণে স্বাস্থ্যসম্মত পানীয় জলের ব্যবস্থা করতে হবে।
২. প্যারাগ্রাফ (১) এ বর্ণিত প্রতিটি পানীয় জল সরবরাহ হতে হবে-
 - (ক) প্রস্তুত অবস্থায় সহজগম্য উপযুক্ত স্থানে
 - (খ) স্বাস্থ্য ও নিরাপত্তার স্বার্থে যেখানে প্রয়োজন, দৃষ্টিগ্রাহ্যভাবে যথাযথ নামফলক যুক্ত অবস্থায়
৩. যেখানে পানীয়জল সরবরাহ প্যারাগ্রাফ (১) অনুসারে করণীয়, সেখানে যথেষ্ট সংখ্যক যথাযথ কাপ বা অন্যান্য পান করার পাত্র রাখতে হবে যদি না পানীয় জল সহজে পানযোগ্য জেট থেকে উৎসারিত হয়।

অনুমোদিত আচরণ বিধিমালায় বলা হয়েছেঃ

পানীয় জল সাধারণভাবে ট্যাপসহ পাইপ সংযোগের মাধ্যমে কোনো সরকারী বা ব্যক্তিমালিকানার পানির উৎস থেকে সংগ্রহ করতে হবে। বিকল্পভাবে, কোনো সংরক্ষণকারী জলাশয়, যেগুলো বৃটেনের পানি বিষয়ক উপ-আইন (Water Bye-Laws) মান্য করে, সেগুলো থেকে সরাসরি সংযুক্ত ট্যাপযুক্ত পাইপ থেকে পানীয় জল আহরণ করা যেতে পারে। সুনির্দিষ্টভাবে, যে কোনো জলাশয়, পুকুর বা পাত্র পানি সরবরাহে ব্যবহৃত হলে তা হতে হবে যথেষ্টভাবে আবৃত, পরিষ্কারভাবে রক্ষিত, পরিষ্কৃত ও যেখানে প্রয়োজন জীবানুমুক্ত করা অবস্থায়। পূর্ণভরণযোগ্য কন্টেইনার দ্বারা পানি সরবরাহ করা যাবে শুধুমাত্র যদি পানির মূল পাইপ থেকে সরাসরি তা নেয়া না গেলে। এসব কন্টেইনার জীবানু সংক্রমণ নিরোধকল্পে যথাযথভাবে বন্ধ করা থাকতে হবে এবং অন্ততঃ দৈনিক একবার পূরণায় ভরে রাখতে হবে।

জীবানু সংক্রমণ হতে পারে এমন যায়গায় পানীয় জলের ট্যাপ স্থাপন করা যাবে না, (যেমন কোনো ওয়ার্কশপে যেখানে সীসা নিয়ে নাড়াচাড়া বা কাজ হয়। যতটুকু যুক্তিসংগতভাবে বাস্তবে সম্ভব এগুলো স্যানিটারী ব্যবস্থার স্থানেও লাগানো উচিত নয়।

পানি খাবার কাপ বা জগ এর ব্যবস্থা করতে হবে যদি না পানির সরবরাহ ঝরণা জাতীয় কল থেকে হয়। বারবার ব্যবহারযোগ্য কাপের ক্ষেত্রে কাছেই সেগুলো ধোয়ার ব্যবস্থা রাখতে হবে।

পানীয় জলের ব্যবস্থাকে সে ভাবে চিহ্ন দিয়ে রাখতে হবে, অন্যথায় খাবার অযোগ্য পানি লোকে পান করে ফেলতে পারে। খাবার অযোগ্য ঠান্ডা পানি সরবরাহ ব্যবস্থা যদি সে মর্মে চিহ্নিত থাকে তাহলে খাবার যোগ্য পানির ক্ষেত্রে চিহ্নিতকরণ দরকার হবে না।

নির্দেশিকায় উল্লেখ আছেঃ

পানি সরবরাহ ব্যাপকভাবে জীবানু সংক্রমিত হতে পারে, যেমন শুধুমাত্র উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহারযোগ্য পানি, সেটিকে পরিস্কারভাবে উপযুক্ত চিহ্ন দিয়ে রাখতে হবে। পানীয় জলের দ্বিতীয় উৎস হিসাবে তথাপি বোতলজাত পানি/পানি সঞ্চালন সিস্টেম চালু রাখা যেতে পারে।

সূত্রঃ

L24, Workplace Health, Safety and Welfare, ACOP and guidance, (ISBN 0717604136 - HSE Books-এ পাবেন)।